# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৪৪

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য "الرَّحِمُ شِجْنَةٌ مِنَ الرَّحْمَنِ "এর দ্বারা উদ্দেশ্য হলো, 'الرَّحِمُ' (রক্ত সম্পর্ক বা জরায়ু) শব্দটি 'الرَّحْمَن' (সর্বদয়ালূ) নাম থেকে নির্গত।

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (الرَّحِمُ شِجْنَةٌ مِنَ الرَّحْمَنِ) أَرَادَ أَنَّهَا مُشْتَقَّةٌ مِنِ اسْمِ الرَّحْمَنِ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا حِبَّانُ قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ رِدَّادٍ اللَّيْثِيِّ: عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (قَالَ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى: أَنَا الرَّحْمَنُ خلقتُ الرَّحِمَ وشَقَقتُ لَهَا اسْمًا مِنِ اسْمِي فَمَنْ وَصَلَهَا وَصَلْتُهُ ومَن قَطَعَهَا بَتَتُّهُ.)
الراوي : عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 444 | خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

৪৪৪. আব্দুর রহমান বিন 'আওফ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আল্লাহ তাবারাকা ওয়া তা'আলা বলেছেন: "আমি রহমান (সর্বদয়ালূ), আমি الرَّحِمُ (রক্ত সম্পর্ক বা জরায়ু) সৃষ্টি করেছি। আমার নাম থেকেই তা নির্গত করেছি। কাজেই যে ব্যক্তি তার সম্পর্ক বজায় রাখবে, আমি তার সাথে সম্পর্ক বজায় রাখবে, আমি তার সাথে সম্পর্ক বজায় রাখবো। আর যে ব্যক্তি তার সম্পর্ক ছিন্ন করবে, আমিও তার সাথে সম্পর্ক ছিন্ন করবো।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০২৩৪; মুসনাদ আহমাদ: ১/১৯৪; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ৫৩; আবু দাউদ: ১৬৯৪; হাকিম: ৪/১৫৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৫৩৫; হুমাইদী: ৬৫; তিরমিযী: ১৯০৭; বাগাবী,

শারহুস সুন্নাহ: ৩৪৩২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসকে সহীহ লিগাইরিহী বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৪৮৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু ‘আওফ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88908

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন